গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
সমাজসেবা অধিদফতর
dss.sylhetdiv.gov.bd

**বিষয়: টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২১ আগস্ট ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | দুপুর ১২:৩০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব ও পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট ‘টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDG’s) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত বিভাগীয় কমিটি’র সভার কার্যপত্র উপস্থাপন করেন।
শুরুতে বিগত সভার কার্যবিবরণী পঠিত হয়। এতে কোন রকমের সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিগত সভার সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি সদস্য-সচিব ধারাবাহিকভাবে উত্থাপন করেন।
মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুসারে মাঠ পর্যায়ে এসডিজি বাস্তবায়নের অগ্রগতি সভায় পর্যালোচনা করত: নিম্নোক্ত সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **ক. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ‘এসডিজি বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত বিভাগীয় ও জেলা কমিটি’র সভা নিয়মিত আহ্বান ও সভার কাযবিবরণী দাখিল:**<br>এতদবিষয়ে সদস্য-সচিব জানান, 'এসডিজি বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত জেলা কমিটি’র আগস্ট ২০২৩ মাসের সভা সিলেট, সুনামগঞ্জ ও মৌলভীবাজার জেলায় অনুষ্ঠিত হয়। বিভাগীয় কমিটির বিগত ও প্রথম সভা বিগত ১৭.১০.২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। | ১. প্রতি চার মাস অন্তর এসডিজি’র বিভাগীয় কমিটি’র সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।<br>২. জেলা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান নিশ্চিত করতে হবে। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট<br>২. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ ও মৌলভীবাজার |
| **খ. প্রত্যেক দপ্তরে এসডিজি বিষয়ক ফোকাল পার্সন নিয়োগ:**<br>এতদবিষয়ে সদস্য-সচিব সভায় জানান, বিগত সভার সিদ্ধান্ত অনুসারে বিভাগীয় পর্যায়ের সকল দপ্তর হতে ফোকাল পার্সন সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি। সকল দপ্তরে এসডিজি বিষয়ক একজন ফোকাল পার্সন নিয়োগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১. এসডিজি বিষয়ক ‘ফোকাল পার্সন’ নিয়োগ নিশ্চিত করতে হবে।<br>২. যে সকল দপ্তর হতে ফোকাল পার্সন এর নাম পাওয়া যায়নি তাদেরকে সদস্য-সচিব দ্রুত পত্র দিবেন এবং পরবর্তী সভায় সকল দপ্তরের ফোকাল পার্সন এর তালিকা উপস্থাপন করবেন। | ১. সকল বিভাগীয় দপ্তর প্রধান<br>২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট |

| | | |
|---|---|---|
| **গ. মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে সকল দপ্তরের অগ্রগতির প্রতিবেদন দাখিল:**<br>মাঠ পর্যায়ে এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন প্রাপ্তি বিষয়ে সদস্য-সচিব ও পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় জানান, এ পর্যন্ত সিলেট মেট্রোপলিটন পুলিশ, রেঞ্জ ডিআইজির দপ্তর, সিলেট, সমাজসেবা অধিদপ্তর, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, মৎস্য অধিদপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, স্বাস্থ্য বিভাগ, খাদ্য বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর এবং এনজিও FIVDB ইত্যাদি দপ্তর হতে নির্ধারিত ছকে অগ্রগতির প্রতিবেদন পাওয়া গেছে। | ১. আগামী সভার নোটিশ প্রাপ্তির তিন কর্মদিবসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ছক (নিম্নে দেয়া)এ এসডিজি বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন সদস্য-সচিব বরাবর (directordss.syl@gmail.com ইমেইল ঠিকানায় বা ০১৮১৮-৫৯৫৩৪৫ নম্বরে (হোয়াটসঅ্যাপে) প্রেরণ করবেন। | সকল বিভাগীয় দপ্তর প্রধান |

এসডিজি’র অগ্রগতি প্রতিবেদন ছক

| SDG Targets | SDG Indicator | Action taken project/ programme/ Others | period | Responsible Agency/ Department | Budget | Source of Fund | Beneficiary | Achievements | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

| | | |
|---|---|---|
| **ঘ. ১৭টি অভীষ্টে ৩৯টি জাতীয় ও প্রতি জেলায় ভিন্ন ভিন্ন ১টি (সর্বমোট ৪৩টি) লক্ষ্যমাত্রা বাস্তবায়ন:**<br>এই পর্যায়ে সদস্য-সচিব সভায় জানান যে, এসডিজি বাস্তবায়নে ১৭টি অভীষ্টের ৩৯টি জাতীয় লক্ষ্যমাত্রায় বিভাগীয় দপ্তরসমুহ কাজ চালিয়ে যাচ্ছে। প্রতি জেলায় ভিন্ন ভিন্ন ১টি লক্ষ্যমাত্রা’র নির্ধারিত বিষয়টি জেলা প্রশাসন সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার হতে জানা গেলে এসকল লক্ষ্যমাত্রা বাস্তবায়নকারী দপ্তর/দপ্তরসমুহ হতে অগ্রগতির প্রতিবেদন গ্রহণ সম্ভব হবে। | ১. সিলেট বিভাগের চার জেলার চারটি ভিন্ন ভিন্ন লক্ষ্যমাত্রা‘র নির্ধারিত বিষয়টি জেলা প্রশাসক সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার সদস্য-সচিবকে অবহিত করবেন।<br>২. প্রতি জেলার জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার বিষয়ে বাস্তবায়নকারী দপ্তরসমুহ অগ্রগতির প্রতিবেদন সদস্য-সচিব বরাবর প্রেরণ করবেন। | জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ ও মৌলভীবাজার |
| **ঙ. বিভাগীয় কমিটিতে সদস্য কোঅপ্ট:**<br>এসডিজির ১৭টি অভীষ্ট বাস্তবায়নে যে সকল সরকারি দপ্তরের বিভাগীয় সেটআপ নেই সে সকল দপ্তরের সিলেট জেলা অফিসকে বিভাগীয় কমিটিতে অন্তর্ভুক্ত করা ও বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন দাখিলসহ বেসরকারি উদ্যোগকে উৎসাহিত ও সমন্বয়করণে সরকারি দপ্তর সংযুক্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১.মহিলা বিষয়ক অধিদপ্তর ও যুব উন্নয়ন অধিদপ্তরের বিভাগীয় সেটআপ না থাকায় উভয় অধিদপ্তরের সিলেট জেলা কার্যালয়ের উপপরিচালকদ্বয়কে বিভাগীয় কমিটিতে কোঅপ্ট করা হলো।<br>২. এসডিজি বাস্তবায়নে বেসরকারি উদ্যোগকে উৎসাহিত করা এবং বেসরকারি উদ্যোক্তাগণের সাথে সমন্বয় সাধনে পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট উদ্যোগী ভূমিকা গ্রহণ করবেন। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট<br>২. সকল বিভাগীয় দপ্তর প্রধান<br>৩. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ<br>৪. পরিচালক, বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট<br>৫. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ও যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট |

| | | |
|---|---|---|
| **চ. এসডিজি বাস্তবায়নে বেসরকারী খাতকে বিভিন্ন পর্যায়ে উৎসাহিত করা:**<br>বিভাগীয় কমিশনার বলেন, এসডিজি'র ১৭টি অভীষ্টে সংশ্লিষ্ট সকল লক্ষ্যমাত্রা অর্জনে দেশে ১০(দশ) বিলিয়ন ডলার বিনিয়োগের লক্ষ্যে সরকারি উদ্যোগ বাস্তবায়নের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তা, ব্যবসায়ী, শিল্পপতি ও বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা (এনজিও)'কে সম্পৃক্ত করে তাদেরকে উৎসাহিত করার বিষয় আলোচনা করা হয়। বিভাগীয় কমিশনারের বক্তব্যকে সমর্থন করে সভায় আলীম ইন্ডাস্ট্রিজ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আলীমূল এহছান চৌধুরী বক্তব্য উপস্থাপন করেন। এছাড়াও এ বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন, সিলেট উইমেন্স চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর সভাপতি জনাব স্বর্ণলতা রায়, সিলেট জেলা পরিষদের সদস্য জনাব সুষমা সুলতানা রুহী, FIVDB'র কো-অর্ডিনেটর জনাব জনাব ফাহিম সারোয়ার। | ১. দেশের অর্থনৈতিক উন্নয়নে বেসরকারি কর্ম, সেবা ও শিল্প উদ্যোগকে বিশেষ স্বাগত জানিয়ে কাজের পরিবেশ ও বিনিয়োগ পরিস্থিতি ইতিবাচক করতে সকল জেলা প্রশাসক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট অন্যান্য সরকারি দপ্তর কার্যকর পদক্ষেপ নিবেন<br>২. এসডিজি বিষয়ক বিভাগীয় কমিটির সম্মানিত সকল বেসরকারি উদ্যোক্তা, সংগঠন/সদস্যকে সভার নোটিশসহ যে কোন তথ্য উপাত্ত সদস্য-সচিব যথাসময়ে অবহিত করবেন | ক. পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট<br>খ. সকল বিভাগীয় দপ্তর প্রধান<br>গ. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/সুনামগন্জ<br>ঘ. পরিচালক, বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট<br>ঙ. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ও যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট |
| **ছ. এসডিজি বাস্তবায়ন ও এতদসংক্রান্ত প্রতিবেদন প্রস্তুতির জ্ঞান/ধারণা সমৃদ্ধকরণে বিভাগীয় প্রশিক্ষণ আয়োজন:** জেলা প্রশাসক, হবিগঞ্জ ও মৌলভীবাজার এবং সদস্য-সচিব এসডিজি'র অভীষ্ট ও লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সরকারি দপ্তর অনুসারে কার্যক্রম বাস্তবায়ন এবং কেবিনেট ডিভিশনের নির্ধারিত ছকে প্রতিবেদন প্রস্তুতসহ সংশ্লিষ্ট যাবতীয় তথ্য উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণে বিভিন্ন সীমাবদ্ধতার বিষয় তুলে ধরেন। তাঁরা এসডিজি বাস্তবায়ন ও রিপোর্টিং বিষয়ে বিভাগীয় কমিশনার মহোদয়ের উদ্যোগে একটি প্রশিক্ষণ/অবহিতকরণ কর্মশালা আয়োজনের অনুরোধ করেন। | মাঠ পযায়ে এসডিজি'র সফল বাস্তবায়ন কৌশল জানা, এসডিজি বিষয়ক বিভাগীয় কমিটির সভা অনুষ্ঠান ও অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ছকে দাখিল বিষয়ে একটি অবহিতকরণ প্রশিক্ষণ/কর্মশালা সভাপতির উদ্যোগে আয়োজন করতে হবে। | পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট |
| জ. **এসডিজি বাস্তবায়নের অগ্রাধিকার তালিকা সংযোজন:**<br>মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নম্বর : ০৩.০৪৩.০৪৬.০০.০০.০০১.২০১৯-১১ তারিখ ৩১.০১.২০১৯ এর মর্মানুযায়ী সুচকের ভিত্তিতে এসডিজি বাস্তবায়নের অগ্রাধিকার তালিকার ২য় অনুচ্ছেদে বিগত সভার কার্যবিবরণীতে বিভিন্ন সরকারি দপ্তরের সাথে প্রাণিসম্পদ বিভাগের নাম নেই মর্মে পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, সিলেট সভাপতির দৃষ্টি আর্কষণ করেন। | এসডিজি বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত বিভাগীয় কমিটির ১৭.১০.২০২২ তারিখের সভার কার্যবিবরণীর এসডিজি বাস্তবায়নের অগ্রাধিকার তালিকার অভীষ্ট দুই এ বাস্তবায়নকারী দপ্তরের তালিকায় প্রাণিসম্পদ অধিদপ্তরের নাম সংযোজন করা হলো। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট<br><br>২. পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, সিলেট বিভাগীয় কার্যালয় |

সভায় আর কোন আলোচনা না থাকায় আগামী সভায় সকল দপ্তর/সদস্যের এসডিজি সংক্রান্ত কার্যাদি বাস্তবায়ন ও এতদসংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে দাখিলের আহবান জানিয়ে এবং উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৮-০৮-২০২৩
আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
বিভাগীয় কমিশনার
০২৯৯৬৬৪৩২৬৬
divcomsylhet@mopa.gov.bd

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪১.২৮.০০০০.০০০.১৬.০০৫.২০.৩৬৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা;
২। মুখ্য সমন্বয়ক(এসডিজি), মুখ্য সমন্বয়ক(এসডিজি) এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৩। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। অতিরিক্ত সচিব, কমিটি ও অর্থনৈতিক অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা;
৫। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা;
৬। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট;
৭। উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট;
৮। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট;
৯। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় সদর দপ্তর, সিলেট;
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট;
১১। পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট;
১২। পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট;
১৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ;
১৪। বীরমুক্তিযোদ্ধা মাসুক উদ্দিন আহমেদ, সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, সিলেট মহানগর শাখা;
১৫। পরিচালক, আনসার এন্ড ভিডিপি, সিলেট রেঞ্জ, সিলেট;
১৬। কমিশনার, কাস্টমস এক্সাইজ এন্ড ভ্যাট কমিশনারেট, সিলেট;
১৭। কর কমিশনার, কর অঞ্চল, সিলেট;
১৮। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।;
১৯। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট;
২০। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট;
২১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সিলেট জোন, সিলেট;
২২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট;
২৩। প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট;
২৪। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিলেট;
২৫। বিভাগীয় বন কর্মকর্তা, বন বিভাগ, সিলেট;
২৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট;
২৭। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট জোন, সিলেট;
২৮। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট;
২৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খাদ্য অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট;
৩০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট জোন, সিলেট;
৩১। তত্বাবধায়ক প্রকৌশলী (সেচ) বিএডিসি, সিলেট;
৩২। উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, সিলেট;
৩৩। বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট;
৩৪। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, সিলেট;
৩৫। উপপরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট;
৩৬। যুগ্ম পরিচালক, আঞ্চলিক পরিসংখ্যান অফিস, সিলেট;
৩৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সার্কেল-৬, সিলেট;
৩৮। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় সদর দপ্তর, সিলেট;
৩৯। যুগ্মপরিচালক(বীজ বিপণন), বিএডিসি, সিলেট;
৪০। উপপরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট;

৪১। পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট;

৪২। অতিরিক্ত পরিচালক, মাদ্রকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট;

৪৩। উপপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সিলেট;

৪৪। উপপরিচালক, কৃষি বিপনন অধিদপ্তর, সিলেট;

৪৫। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট;

৪৬। আঞ্চলিক পরিচালক, কারিগরী শিক্ষা অধিদপ্তর, সিলেট;

৪৭। উপপরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট;

৪৮। উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা, সিলেট;

৪৯। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, সিলেট;

৫০। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট;

৫১। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট;

৫২। উপপরিচালক, বিআরটিএ, সিলেট অঞ্চল, সিলেট;

৫৩। উপপরিচালক, বিআরডিবি, খাদিমনগর. সিলেট;

৫৪। উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন, সিলেট;

৫৫। আলহাজ্ব ছালমা বাছিত ভারপ্রাপ্ত সভাপতি, সিলেট জেলা মহিলা আওয়ামী লীগ;

৫৬। জনাব আসমা কামরান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, সিলেট মহানগর মহিলা আওয়ামী লীগ শাখা;

৫৭। জনাব তাহমিন আহমদ, সভাপতি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, সিলেট;

৫৮। জনাব আলীমুল এহছান চৌধুরী সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব), সিলেট জেলা ব্যবস্থাপনা পরিচালক, আলীম ইন্ডাস্ট্রিজ লিঃ, বিসিক, সিলেট;

৫৯। জনাব সুষমা সুলতানা রুহি, কলেজ বাড়ী এগ্রো ফার্ম, সিলেট;

৬০। জনাব স্বর্ণলতা রায়, সভাপতি, মহিলা চেম্বার অব কমার্স, সিলেট;

৬১। জনাব মোঃ বায়েজিদ খান নির্বাহী পরিচালক, গ্রীণ ডিজেবল ফাউন্ডেশন, সিলেট;

৬২। জনাব জাহিদ হোসেন পরিচালক, এফআইভিডিবি, সিলেট;

৬৩। জনাব সুজিতা সিনহা, প্রধান শিক্ষক গুবর্দ্ধনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার এবং

৬৪। জনাব......................................................................................।

২৯-০৮-২০২৩
মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)